

নম্বর : ৪৬.০০.৪৯০০.০৪২.১৪.০৯৭.১৭.২১৬৮

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮
১৩ অক্টোবর ২০২১

বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরে কুড়িগ্রাম জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় স্কিম অনুমোদন।

সূত্র : ১. জেলা পরিষদ, কুড়িগ্রাম এর স্মারক ৪৬.৪৭.৪৯০০.০০২.১৪.১৩১৫.২০-১৫০১, তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২১;
২. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.৪৯০০.০৪২.১৪.০৯৭.১৭.২১২২(১), তারিখ: ০৭ অক্টোবর ২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ১ নং স্মারকে ২০২১-২০২২ অর্থ বছরে কুড়িগ্রাম জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২৭০.৫০ লক্ষ (দুই কোটি সত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে (১৩২+৩৮)=১৭০টি স্কিম বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য, ক্রমিক-১ হতে ১৪ পর্যন্ত স্কিমে মোট ৫৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জেলা পরিষদের অফিস ভবন সংস্কার, ডাকবাংলো/ স্টাফ কোয়ার্টার সংস্কার এবং আসবাবপত্র ক্রয় সংক্রান্ত স্কিমসমূহের প্রয়োজনীয়তা যাচাইপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে ইতোমধ্যে উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম জেলা এবং নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম-কে অনুরোধ জানানো হয়েছে।

২। অপরদিকে, ক্রমিক নং-৪৪ ও ৪৫ এ উল্লিখিত স্কিম দু'টি (প্রাক্কলিত ব্যয় মোট ২.০০ লক্ষ) ব্যক্তিকেন্দ্রিক মর্মে প্রতীয়মান হয়েছে।

৩। এমতাবস্থায়, ২০২১-২০২২ অর্থ বছরে কুড়িগ্রাম জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রস্তাবিত মোট ১৭০টি স্কিমের মধ্যে স্কিম তালিকার ক্রমিক নং ১-১৪, ৪৪ ও ৪৫ ব্যতীত অবশিষ্ট ১৫৪টি স্কিম ২,১৪,৫০,০০০ টাকা (দুই কোটি চৌদ্দ লক্ষ পঞ্চাশ হাজার টাকা) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১২ এপ্রিল ২০১৮ তারিখের ৪৬.০০.৫১০০.০৪২.১৪.০৮৫.১৭.৫৫৫ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুড়িগ্রাম।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]